দৈনিক সংবাদ

তারিখ 11 JUN 1994
পৃষ্ঠা ২ কলাম ২

### খুলনার ছাত্রনেতাদের উদ্দেশে প্রধানমন্ত্রী

# শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছি

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল শুক্রবার রাতে বলেন, তাঁর সরকার উন্নয়নের গতি ত্বরান্বিত করা ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে মানব সম্পদ উন্নয়নে বাজেটে সর্বাধিক বরাদ্দের মাধ্যমে শিক্ষা-খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে।

বাসস জানায়, প্রধানমন্ত্রী গতকাল তার সুগন্ধা কার্যালয়ে খুলনা জেলা ও নগরীর বিভিন্ন কলেজের ছাত্র সংসদের নবনির্বাচিত নেতাদের উদ্দেশে বক্তব্য রাখছিলেন। এ সময় পররাষ্ট্রমন্ত্রী এ, এস, এম মোস্তাফিজুর রহমানও উপস্থিত ছিলেন। এ উপলক্ষে বক্তব্য রাখেন হুইপ আশরাফ হোসেন, বিএনপি নেতা এ, কে,-এম জিয়াউদ্দিন, খুলনা মহানগর বিএনপি সভাপতি এম নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক মঞ্জুরুল ইসলাম, ডাকসু সহ-সভাপতি আমানুল্লাহ আমান এমপি, সাধারণ সম্পাদক খায়রুল কবির খোকন, ছাত্রদল সভাপতি ফজলুল হক মিলন এবং সাধারণ সম্পাদক নাজিমুদ্দিন আলম। বিভিন্ন কলেজের ছাত্র সংসদের নবনির্বাচিত নেতৃবৃন্দও এ উপলক্ষে বক্তব্য রাখেন।

**বৃহত্তর খুলনা সর্বদলীয় কমিটি**

বৃহত্তর খুলনা উন্নয়নে সর্বদলীয় সমন্বয় কমিটির সদস্যরা গত রাতে সুগন্ধায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করেন। এ সময় স্পীকার শেখ রাজ্জাক আলী, পররাষ্ট্রমন্ত্রী এ, এস, এম মোস্তাফিজুর রহমান, খুলনার মেয়র শেখ তৈয়েবুর রহমান; হুইপ আশরাফ হোসেনও উপস্থিত ছিলেন। কমিটির আহ্বায়ক আবু এম ফেরদৌস প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।